**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 11 April 2025** **TIME: 7:35 AM**

---

রাজ্যে আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনের জন্য আজ পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন পত্র জমা করার শেষ দিন । রাজ্যের বিভিন্ন রাজনৈতিক দলগুলির মধ্যে নির্বাচনী তৎপরতা পরিলক্ষিত হচ্ছে ।

আগামী দোসরা ও ৭ ই মে দুটি পর্যায়ে অনুষ্ঠেয় গ্রাম পঞ্চায়েত নির্বাচনের জন্য বিজেপি প্রথম প্রার্থী তালিকা ঘোষনা করেছে । বিজেপি অগপ , রাভা হাসং যৌথ সংগ্রাম সমিতি ও গণ শক্তি মিত্রজোট গঠন করে আসন্ন পঞ্চায়েত নির্বাচনে লড়াই করছে । এই নির্বাচনে ৩৯৭ টি জেলা পরিষদ আসনের মধ্যে ৩১৮ টি আসনে বিজেপি প্রতিদ্বন্দিতা করছে ।

এদিকে কাছাড় জেলায় পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে তৎপরতা শুরু হয়েছে । ভারতীয় জনতা পার্টি আসাম প্রদেশ কমিটির পক্ষ থেকে জেলা পরিষদ পদের প্রার্থীদের নাম ঘোষনা করার পর ক্ষমতাসীন দল বিজেপি দলীয় প্রার্থীদের সংগে নিয়ে মনোনয়নপত্র জমা দেওয়ার প্রক্রিয়া হয়েছে ।

গতকাল বড়খলা , ধলাই ও শিলচর বিধানসভা আসনের অর্ন্তগত বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকার জেলা পরিষদ ও আঞ্চলিক

পঞ্চায়েতের প্রার্থীরা তাদের মনোনয়নপত্র দাখিল করেন । বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রাই , সাংসদ পরিমল শুক্লবৈদ্য ও বিধায়ক দীপায়ন চক্রবর্তী সহ বিজেপির জেলা সভাপতি রুপম সাহার উপস্থিতিতে জেলা পরিষদ ও আঞ্চলিক পঞ্চায়েতের প্রার্থীরা গতকাল আনুষ্ঠানিকভাবে মনোনয়নপত্র জমা করেন ।

সাংবাদিকদের সংগে কথা বলার সময় মন্ত্রী কৌশিক রাই সহ আন্যান্যরা এবারের পঞ্চায়েত নির্বাচনে বিজেপি কাছাড় জেলায় শ্রেষ্ঠ ফলাফল প্রদর্শন করবে বলে জানান । শ্রী রাই এসম্পর্কে বলেন --- **বাইট । ৩১ সেকেন্ড**

---

জেলার ২৫ টি জেলা পরিষদের মধ্যে ২৩ টিতে বিজেপি প্রতিদ্বন্দিতা করবে এবং দুটিতে মিত্রজোট অসম গণ পরিষদ দল প্রতিদ্বন্দিতা করবে ।

এদিকে শিলচর জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকেও গতকাল রাতে জেলা পরিষদ , আঞ্চলিক পঞ্চায়েত সদস্য এবং পঞ্চায়েত সদস্য পদের প্রার্থী তালিকা প্রকাশ করেছে ।

---

শ্রীভূমি জেলার রামকৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত দুল্লভছড়া , চেরাগী , ভৈরবনগর ও আনিপুর জেলা পরিষদ আসনে বিজেপি মনোনীত প্রার্থীরা গতকাল মনোনয়ন পত্র জমা করেছেন । মনোনয়ন পত্র দাখিলের সময় বিধায়ক বিজয় মালাকর , শ্রীভুমি জেলা বিজেপি সভাপতি সঞ্জীব বণিক সহ দলের কর্মকর্তারা উপস্থিত ছিলেন । এদিকে জেলার টিলা বাড়ি বান্দর কুনা জেলা পরিষদ আসনে নির্দল প্রার্থী হিসেবে সবথেকে কম ২১ বছর বয়সের প্রার্থী হাসিনা বেগম মনোনয়ন পত্র জমা দিয়েছেন । ভারতীয় জাতীয়

কংগ্রেসের পক্ষে জেলা পরিষদ প্রার্থী হিসেবে তৃতীয়বারের মতো মনোনয়ন পত্র জমা দিয়েছেন আইনজীবি মমতাজ বেগম ।

---

হাইলাকান্দি জেলায় ভারতীয় জনতা পার্টি ও অসম গণ পরিষদ দলের জেলা পরিষদ ও আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদের মনোনীত প্রার্থীরা আজ মনোনয়ন পত্র জমা দেবেন । গতকাল জেলা আয়ুক্তের কার্য্যলয়ে ভারতীয় জাতীয় কংগ্রেস ,রাইজর দল এবং বিভিন্ন নির্দল প্রার্থীরা জেলা পরিষদ আসন ও আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদের প্রার্থীরা মনোনয়ন পত্র জমা করেছেন । এছাড়া জেলার খন্ড উন্নয়ন আধিকারীকের কার্য্যলয়ে পঞ্চায়েত সদস্য পদের প্রার্থীরা মনোনয়ন পত্র জমা করেছেন ।
হাইলাকান্দি জেলার ৮টি জেলা পরিষদের আসনের চারটি আসনে মোট ১৯ মনোনয়ন পত্র জমা পড়েছে । ৬২টি আঞ্চলিক পঞ্চায়েত সদস্য পদে এখনো পর্য্যন্ত ৮২ জন এবং ৬২০টি সদস্য পদে এক হাজার একশ ৫৫ জন প্রার্থী মনোনয়ন জমা করেছেন ।

উল্লেখ্য হাইলাকান্দি জেলার ৬২টি আঞ্চলিক পঞ্চায়েত সদস্য , ৬২০টি পঞ্চায়েত সদস্য এবং ৮টি জেলা পরিষদ আসনের জন্য মনোনয়ন পত্র জমা করার প্রক্রিয়া আজ শেষ হবে ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত জেলার সব কার্য্যলয় প্রধানদের গ্রাম পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে সরকারী ছুটির দিনে ও সীমিত সংখ্যক কর্মী দিয়ে প্রতিষ্ঠান খোলা রাখতে নির্দেশ দিয়েছেন । জেলায় পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করতে ও নির্বাচন সংক্রান্ত নিয়োগ পত্র ও নির্দেশগুলি যথা সময়ে সংশ্লিষ্ট কর্মীদের কাছে পৌছে দিতে এই নির্দেশ জারী করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনের দুই পর্য্যবেক্ষক ক্ষিতিশ চন্দ্র পেগু ও ধর্মকান্ত মিলি আজ শ্রীভূমি আসছেন । এজন্য ডি পি এম নিতু চন্দ্র দাসকে নির্বাচনী পর্য্যবেক্ষক ক্ষিতিশ চন্দ্র পেগুর প্রটোকল আধিকারিক এবং কর অধিক্ষক কার্য্যলয়ের পরিদর্শক স্বরজিৎ পালকে নির্বাচনী পর্য্যবেক্ষক ধর্মকান্ত মিলির প্রোটকল আধিকারীক হিসেবে নিয়োগ করা হয়েছে ।

---

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা , বাকস আয়োজিত মিডিয়া ক্রিকেট ফেষ্ট-২০২৫ এর আজকের প্রথম খেলায় প্যানথার্স মিডিয়া চ্যালেঞ্জার্স মুখোমুখি হবে বরাক বুলেটিন প্রেস ফাইটার্সের এবং দ্বিতীয় খেলায় হাইলাকান্দি খবর হিরোজ মুখোমুখি হবে শিলচর নিউজ রকার্স-এর ।

স্থানীয় সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের প্রথম খেলায় শিলচর নিউজ রকার্স আট রানে বিজয়ী হয়েছে । শিলচর নিউজ রকার্স ১৫ ওভারে তিন উইকেট হারিয়ে ১৩৭ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে অটল প্রেস ফাইটার্স সবকটি উইকেট হারিয়ে ১২৯ রান তুলতে সক্ষম হয় । এদিকে গতকাল দিনের দ্বিতীয় খেলায় নববার্তা মিডিয়া ওয়ারিয়র্স পরাজিত করে প্যারামাউন্ট মিডিয়া চ্যালেঞ্জারকে । প্রথমে ব্যাট করে প্যারামাউন্ট মিডিয়া চ্যালেঞ্জার নয় উইকেটে ৮১ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে নববার্তা মিডিয়া ওয়ারিয়র্স চার উইকেটে জয়ের লক্ষ্যে পৌছে যায় ।

---

---